User Name :    udoi.org.bd@gmail.com
Pass Word:    jfcbuklj6545@kjd

উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্র

উদয় বৃদ্ধা মা পুনর্বাসন কেন্দ্র হলো বাংলাদেশের কুষ্টিয়ায় অবস্থিত 'উড়োই সমাজ উন্নয়ন সংস্থা' নামক এনজিও দ্বারা পরিচালিত একটি সমাজ উন্নয়ন প্রতিষ্ঠান। বৃদ্ধাশ্রমটি উড়োই সমাজ সংস্থার একটি উন্নয়নমূলক প্রকল্প। এটি একটি সম্পূর্ণ অসহায় এনজিও। উড়োই-এর পরিচালনায় ২০০৫ সাল থেকে এই বৃদ্ধাশ্রমটি পরিচালিত হয়ে আসছে। আমরা নিজস্ব সামর্থ্যে অসহায় ও সমাজ-দরিদ্র নারীদের জন্য বিনামূল্যে বাসস্থান, খাদ্য এবং স্বাস্থ্যসেবার ব্যবস্থা করে থাকি। কুষ্টিয়া জেলায় প্রায় ৩০,০০০ বৃদ্ধা নারী আছেন যারা নিজেদের দৈনন্দিন খাবারের জোগান দিতে পারেন না, ফলে তারা খাদ্যাভাব ও নানা রোগে ভুগছেন। আমার লক্ষ্য হলো প্রত্যেক দরিদ্র নারী যেন খাদ্য, স্বাস্থ্যসেবা এবং বাসস্থান পান, আর এই কারণেই আমরা সর্বান্তকরণে কাজ করে যাচ্ছি। এমন অসহায় মানুষ আরও অনেকে আছেন, তাই কোনো সুযোগ বা সম্ভাবনা থাকলে আমি তাদের সাহায্য করার চেষ্টা করছি। যদি সত্যিই কারও পক্ষে তার পরিবারের কাছে ফিরে যাওয়ার কোনো উপায় না থাকে, তাহলে তিনি উডোই বৃদ্ধা পুনর্বাসন কেন্দ্রে স্থায়ী বাসিন্দা। আমরা এখনও আমাদের এই বৃদ্ধাশ্রমটি ভালোভাবে চালিয়ে যাচ্ছি, যদিও এটি একটি ছোট আকারের প্রতিষ্ঠান (এখানে ২৫ জন বোর্ডার থাকেন)। ব্যক্তিগত তহবিল এবং স্থানীয়ভাবে অর্থ সংগ্রহের মাধ্যমে আমরা তাদের আর্থিক অক্ষমতার মূল কারণটি সমাধান করার চেষ্টা করি। যদি তাদের মধ্যে কেউ আর্থিকভাবে হারিয়ে যান, তাহলে শহরের স্থানীয় লোকেরা সাহায্য করে। কিন্তু এই অল্প সংখ্যক মানুষের সাহায্যে আমরা সন্তুষ্ট নই, কারণ বাস্তবে এই সংখ্যাটি গণনা করা যায় না। বাস্তবে, প্রায় ২০০০ অসহায় বৃদ্ধা মা আছেন, যাদের বেশিরভাগই তাদের পরিবারের কাছে ঘৃণিত এবং আপনি বলতে পারেন তারা প্রায় ভিক্ষুক। আমরা তাদের সবাইকে সাহায্য করতে চাই এবং তাদের খাদ্য, চিকিৎসা সুবিধা ও চিরস্থায়ী বাসস্থান দিতে চাই। আমরা জানি এটি একটি কঠিন লক্ষ্য, কিন্তু আমরা বিশ্বাস করি এটি অবশ্যই সম্ভব। আমরা কখন লক্ষ্যে পৌঁছাব তা নিশ্চিত নই, কিন্তু আমরা চেষ্টা করে যাচ্ছি।

আমাদের সর্ম্পকে জানতে ভিজিট করুন
https://udoi.org.bd/

সাধারন সম্পাদক এর বানী

আফরোজা ইসলাম

সাধারন সম্পাদক

উদয়-এর সাধারন সম্পাদক হিসেবে আপনাদের সাথে আমাদের পথচলার কথা ভাগ করে নিতে পেরে আমি সম্মানিত বোধ করছি। প্রতিষ্ঠার পর থেকে উদয় বাংলাদেশে আর্থ-সামাজিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের কাজের মূল লক্ষ্য হলো বৃদ্ধা মা ও শিশুদের পূর্ণবাসন করাসহ পরিবেশ ব্যবস্থাপনার উন্নতি সাধন করা এবং একটি দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠায় সচেষ্ট থাকা। সরকারি সংস্থা কর্তৃক আইনগতভাবে স্বীকৃত উদয় বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করে, নারী ও শিশুদের অধিকার রক্ষা করে। সচেতনতা বৃদ্ধি, শিক্ষা এবং দল গঠনের ক্ষেত্রে সম্প্রদায়-নেতৃত্বাধীন প্রচেষ্টার মাধ্যমে আমরা প্রত্যেক ব্যক্তিকে তার নিজের ভবিষ্যতের দায়িত্ব নিতে সক্ষম করে তুলি। আমাদের সাধারণ পরিষদ এবং নির্বাহী কমিটির নির্দেশনায় উদয় স্বাস্থ্যসেবা, বনায়ন, হস্তশিল্প এবং দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রেও কার্যকর কর্মসূচি পরিচালনা করে। আপনাদের সহযোগিতায় আমরা একসাথে আরও শক্তিশালী, স্বাস্থ্যকর এবং স্থিতিস্থাপক সম্প্রদায় গড়ে তোলার কাজ চালিয়ে যাচ্ছি।

সভাপতির বানী

মোঃ ইফতেখের হোসেন মিঠু

প্রতিষ্ঠাতা ও সভাপতি

উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্র, একটি সামাজিক সংগঠন। মোঃ ইফতেখের হোসেন মিঠু, প্রতিষ্ঠাতা ও সভাপতি, আমি আপনাদের সাথে আমাদের পথচলার কথা ভাগ করে নিতে পেরে আমি সম্মানিত বোধ করছি। প্রতিষ্ঠার পর থেকে উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্র, বৃদ্ধা মা ও শিশু পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করে আসছে। আমাদের কাজের মূল লক্ষ্য হলো বৃদ্ধা মা ও শিশুদের পূর্ণবাসন করা এছাড়া সামাজিক কার্যক্রম হিসেবে পরিবেশ উন্নতি সাধন করা, একটি দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠায় সচেষ্ট থাকা, শিক্ষা ও স্বাস্থ্যসহ বিবিধ সামাজিক কার্যক্রমকে বেগবান করতে সহযোগীতা করা। উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্র বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত। আইনগতভাবে স্বীকৃত উদয় বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করে, নারী ও শিশুদের অধিকার রক্ষা করে। সচেতনতা বৃদ্ধি, শিক্ষা এবং দল গঠনের ক্ষেত্রে সম্প্রদায়-নেতৃত্বাধীন প্রচেষ্টার মাধ্যমে আমরা প্রত্যেক ব্যক্তিকে তার নিজের ভবিষ্যতের দায়িত্ব নিতে সক্ষম করে তুলি। আপনাদের সহযোগিতায় আমরা একসাথে আরও শক্তিশালী, স্বাস্থ্যকর এবং স্থিতিস্থাপক সম্প্রদায় গড়ে তোলার কাজ চালিয়ে যাচ্ছি।

# News & Events (Picture-P2)

কুষ্টিয়ায় বৃদ্ধাশ্রমের মায়েদের মাঝে আসবাপত্র বিতরণ স্বেচ্ছাসেবী সংগঠন 'তারুণ্য'

বৃদ্ধাশ্রমে সুবিধা বঞ্চিত মায়েদের মাঝে ব্যবহারিক আসবাপত্র বিতরণ করেছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) স্বেচ্ছাসেবী সংগঠন 'তারুণ্য'। জনকল্যাণমূলক কাজের অংশ হিসেবে বৃহস্পতিবার (২৯ আগস্ট) কুষ্টিয়া সার্কিট হাউজের সামনে অবস্থিত উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্রে ৩টি চৌকি ও ১টি সিলিং ফ্যান প্রদান করে তারা। এসময় তারুণ্যের উপদেষ্টা ও বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের অধ্যাপক ড. মাহবুবর রহমান, উদয় মা ও শিশু পূর্ণবাসন কেন্দ্রের পরিচালক মোহাম্মাদ মিঠু, আফরোজা খাতুন, তারুণ্যের সভাপতি শেখ রাইয়ান উদ্দিন, সহ-সভাপতি ওয়াহেদ আলী, সাধারণ সম্পাদক সাদিয়া আফরিন, সাবেক সাধারণ সম্পাদক তাইয়েব হোসেনসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। এ বিষয়ে তারুণ্যের উপদেষ্টা অধ্যাপক ড. মাহবুবর রহমান বলেন, 'মায়েদের জায়গা প্রকৃতার্থে বৃদ্ধাশ্রম নয় বরং তাদের জায়গা পরম মমতা ও যত্নের সাথে সন্তানের কোল। এখানকার প্রতিটি মা যেদিন নিজের ঘরে ফিরে যাবেন, সেদিন এ বৃদ্ধাশ্রম প্রতিষ্ঠার উদ্দেশ্য পূর্ণতা পাবে।' তারুণ্যের সভাপতি শেখ রাইয়ান উদ্দিন বলেন 'পিতামাতা সন্তানের জন্য কখনোই বোঝা নয়। তারা আমাদের সম্পদ। পিতামাতার সকল দায়িত্ব নেওয়া সন্তানের কর্তব্য। সবাই যদি সেই দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করে, তাহলে আমাদের আজকের এই কর্মসূচী সফল ও স্বার্থক হবে।

## Success Stories (Picture-P1)

জন্মদিনে বৃদ্ধাশ্রমে মায়েদের নিজ হাতে খাওয়ালেন ড. সারিয়া সুলতানা

কুষ্টিয়ার সদর উপজেলায় উদয় মা ও শিশু পূণর্বাসন কেন্দ্রে এক মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (০৮ জানুয়ারি) দুপুরে কুষ্টিয়ার পূর্ব মজমপুরে বয়ষ্ক পুনর্বাসন কেন্দ্রে বসবাসরত ৩০ জন বৃদ্ধা মায়ের খাবারের ব্যবস্থা করেন (বেগম রোকেয়া পদকপ্রাপ্ত- ২০২১) ড. সারিয়া সুলতানা। সেখানে গিয়ে বৃদ্ধ মায়েদের সঙ্গে সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকে সময় কাটিয়েছেন তিনি। সভার আয়োজন করেন 'উদয় সমাজ উন্নয়ন সংস্থা', কুষ্টিয়া । উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার দুই কৃতি সন্তান লেখক ও গবেষক ড. সারিয়া সুলতানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. এমদাদ হাসনায়েন। আরো উপস্থিত ছিলেন, উদয় মা ও শিশু পূর্ণবাসন কেন্দ্রের প্রতিষ্ঠাতা সভাপতি ইফতিখার হোসেন মিঠু ও প্রতিষ্ঠাতা পরিচালক আফরোজা ইসলাম প্রমূখ। ড. সারিয়া তার অনুভূতি ব্যক্ত করেন – বেগম রোকেয়া পদক পাওয়ার পর প্রথম মনে হয়েছিল আমি আমার জান্নাত দেখতে যাবো কিন্তু সময় হয়ে ওঠেনি। হৃদয়টা ব্যাকুল হয়ে ওঠেছিল অবশেষে মহান আল্লাহ আমাকে সেই তৌফিক দিলেন। জন্মদিনটা আজ আশ্রমে পালন করলাম এক ঝাঁক হৃদয় পোড়া মায়ের মমতায়, দিনটি সুখময় থেকে মধুময় হয়ে হয়ে ওঠলো কি বিচিত্র ভালোবাসার লেনাদেনা! সমাজে আজ যৌথ পরিবার ভেঙে চুরমার হয়ে যাচ্ছে, একক পরিবার গঠনের চূড়ান্ত প্রতিযোগিতায় মত্ত এক শ্রেণীর আধুনিক চিড়িয়াখানায় বসবাসরত কতিপয় নামধারী মানুষেরা। শিক্ষিত হয়েছে কিন্তু বাবা মাকে কাছে রাখার চরম শিক্ষাটা হয়তো অনুর্বর ভূখণ্ডে পুঁতে ফেলতে হয়েছে যেখান থেকে কোন ভালোবাসা জন্মাবেনা কখনো কোনদিনও। এক ঝাঁক মায়েদের দীর্ঘ আর্তনাদ হৃদয়ের কঠিন বন্ধন ছিন্ন করে এসেছে, নারীর বন্ধনকে অস্বীকার করে আজ যারা সমাজে প্রতিষ্ঠিত হতে চাও,জেনে রাখো প্রকৃতির বিচারে একদিন তোমাকেও ঐ বিচারকের কাঠগড়ায় দাঁড়াতে হবে। মায়েদের জন্য ভালো আবাসনের ভীষণ প্রয়োজন। এছাড়া তিনি সমাজের সুহৃদয় ব্যক্তি ও প্রতিষ্ঠানকে মায়েদের সাহায্যে এগিয়ে আসার আহবান জানান। সারিয়া আরো বলেন, আজ তাদের সঙ্গে সময় কাটিয়ে এবং একবেলা খাওয়াতে পেরে আমার নিজের মধ্যে একটি তৃপ্তি পেয়েছি। মনের মধ্যে একটা শান্তি অনুভব করছি।

### What We Are Doing

মানবাধিকার
প্রতিষ্ঠার পর থেকে UDOI প্রান্তিক জনগোষ্ঠীর মানবাধিকার সুরক্ষার জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে।

মানবিক সহায়তা
আমরা প্রাকৃতিক দুর্যোগ ও মহামারীর সময় মানবিক সহায়তা হিসেবে এমন উদ্যোগ গ্রহণ করি যা ক্ষতিগ্রস্ত মানুষকে সাহায্য করে।

সামাজিক উদ্যোগ
আমরা এমন সামাজিক উদ্যোগ গ্রহণ করেছি যা প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়ন এবং আত্মনির্ভরশীলতা অর্জনের লক্ষ্যে আমাদের সহায়তা করে।

সামাজিক উন্নয়ন
আমরা এমন কিছু সামাজিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছি যা বিভিন্ন অস্থিতিশীল পরিস্থিতিতে প্রান্তিক জনগোষ্ঠীকে ক্ষমতায়ন করতে সাহায্য করে।

https://www.youtube.com/watch?v=gJXePdk৮AI৮&t

# Ongoing Activities

পুনাক কুষ্টিয়া'র উদ্যোগে মা ও শিশু পূর্ণবাসন কেন্দ্রে মৌসুমী ফল ও ঔষধ বিতরণ

পুনাক কুষ্টিয়া'র উদ্যোগে মা ও শিশু পূর্ণ বাসন কেন্দ্রে মৌসুমী ফল ও ঔসধ বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (২৩ জুন) বিকাল সাড়ে ৪ টায় পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক), কুষ্টিয়ার উদ্যোগে কুষ্টিয়া সদর থানাধীন সার্কিট হাউজের সামনে পূর্বমজমপুর এলাকায় উদয় সমাজ উন্নয়ন সংস্থার 'মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে'র বৃদ্ধ মা'দের মাঝে মৌসুমি ফল ও ঔষধ বৃদ্ধা মায়েদের হাতে তুলে দেন। সে সময় মা ও শিশু পূর্ণ বাসন কেন্দ্রের বৃদ্ধ মায়েরা বলেন,'সেই কবে ফল খেয়েছি বাবা মনে পড়ে না' কুষ্টিয়ার মানবিক পুলিশ সুপার খায়রুল আলমের সহধর্মিণী ও পুনাক কুষ্টিয়ার সভানেত্রী দিলরুবা আলম আজ শহরের মজমপুরে বৃদ্ধাশ্রমে হরেক রকম মৌসুমী ফলের ঝুঁড়ি নিয়ে পরম মমতায় নিজেই ছুটে যান তাদের মাঝে। বৃদ্ধা মায়েরা মৌসুমী সব ফল এক সাথে পেয়ে অবাক হন। এত ফল কখনও খাইনি। সেই কবে ফল খেয়েছি বাবা মনে পড়ে না। অভাবের সংসারে দুবেলা ভাত পেতাম না, সেখানে ফল খাবো কি করে?' প্রধান অতিথি হিসেবে এ মহতি কার্যক্রমে অংশ গ্রহণ করেন পুনাক কুষ্টিয়ার সভানেত্রী ও কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলমের সহধর্মিণী দিলরুবা আলম।

পরিবার থেকে বিতাড়িত অবহেলিত অসহায় মা'দের মাঝে কুষ্টিয়া পুনাক সভানেত্রী নিজেই মমতার সহায়তা হিসেবে মৌসুমি ফল নিয়ে হাজির হন এবং আপন ভেবে বৃদ্ধ মহিলাদের কাছে টেনে নিয়ে মানবতার হাত বাড়িয়ে দেন। পুনাক সভানেত্রী পুনর্বাসন কেন্দ্রের সকলের সাথে মতবিনিময়ের সময় এই পুনর্বাসন কেন্দ্রের সকল পরিবার থেকে বিচ্ছিন্ন মা ও শিশু পুনর্বাসন কেন্দ্রে বসবাসকারী গরীব, অসহায় ও দুস্থ মহিলাদের খাদ্যসামগ্রী, বাসস্থান ও চিকিৎসা সেবাসহ বিভিন্ন সমস্যার কথা জানতে পারেন এবং তাদের পাশে থেকে সেবা করার প্রত্যাশা ব্যক্ত করেন। মোসুমী ফল ও ঔষধ বিতরণের সময় পুলিশ সুপার কুষ্টিয়ার সহধর্মিণী ও পুনাকের সভাপতি দিলরুবা আলমের সাথে আরো উপস্থিত ছিলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সাংবাদিক নেত্রী বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন বিএফইউজের সহ-সভাপতি আফরোজা আক্তার ডিউ, খায়রুন নেসা, সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষ (সহধর্মিণী, সদ্য পদন্নতিপ্রাপ্ত পুলিশ সুপার মোঃ মোস্তাফিজুর রহমান), আনিতা আশরাফী দিবা, দপ্তর সম্পাদকা (সহধর্মিণী অতিরিক্ত পুলিশ সুপার, প্রশাসন ও অর্থ মোঃ রাজিবুল ইসলাম) ও পুনাক কুষ্টিয়ার অন্যান্য সদস্যবৃন্দ। এ সময় কুষ্টিয়া পুনাক সভানেত্রী দিলরুবা আলম বলেন, আমদের যাদের সাহায্য করার সক্ষমতা আছে, সকলের উচিৎ বৃদ্ধা মায়েদের পাশে থেকে তাদের সেবা যত্ন করা এবং তাদের খোঁজ খবর রাখা। সকলেই যদি সাহায্যের হাত বাড়িয়ে এগিয়ে আসেন, তাহলে বাংলাদেশের বিভিন্ন প্রান্তে পুনর্বাসন কেন্দ্রে থাকা মা'রা আরো বেশী ভালো থাকবেন। এই মায়েরাই আমাদের পৃথিবীর আলোর মূখ দেখিয়েছে।

## Photo Gallery

## (Picture-P1-P8)

## Video Gallery

https://www.youtube.com/watch?v=-kkp3J3rLDA
https://www.youtube.com/watch?v=HxZpIe১oX-s
https://www.youtube.com/watch?v=gJXePdk৮AI৮
https://www.youtube.com/watch?v=MHESb২SCLzU
https://www.youtube.com/watch?v=iwlyp৩EC১E৮
https://www.youtube.com/watch?v=n৫diFLRoU২৮

## Donation Fundraising

শীতার্ত তহবিল

শীতার্ত তহবিল : ইসলামের অন্যতম শিক্ষা মানবসেবা। কনকনে শীতে উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্র এর অসহায় বৃদ্ধা মা ও এতিম শিশুদের একটুখানি উষ্ণতা এনে দিতে প্রতিবছরের ন্যায় এবারও শীতার্ত তহবিল সংগ্রহ করা হচ্ছে। আপনাদের সহযোগীতা কামনায়।

হাদিস : আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ বান্দাহ যতক্ষণ তার ভাইকে (যে কোনো মুসলিমকে) সাহায্য করে, আল্লাহ তা'আলাও ততক্ষণ তাকে সাহায্য করেন। (সুনানে তিরমিজী, হাদিস নং ১৪২৫)

আমাদের কার্যকলাপ : প্রতিটি স্পটে শীতবস্ত্র বিতরণের পূর্বে বিজ্ঞ উলামাদের মাধ্যমে শীতার্ত মানুষদের উদ্দেশ্যে ঈমান-আকীদা, সালাতের গুরুত্ব, সততার অপরিহার্যতা এবং সাধারণ নীতিবোধ জাগ্রত করার লক্ষ্যে আলোচনা করা হয়।

সফলতা : বগত বছর গুলিতে আপনাদের থেকে যথার্থ সহযোগীতা পেয়েছি যা উদয় মা ও শিশু পুনর্বাসন কেন্দ্র এর সকল বৃদ্ধা মা ও শিশুদের শীতের পোষাকপূর্ণতা পেয়েছে।

টাকা- ২০,০০০/-

ছবি- **(Picture-Combole)**

# Associate org-
# সহযোগী সংস্থা-
# Logo- Humanity
## https://humanityfoundation.kst.org.bd/

ঠিকানা-
সার্কিট হাউসের সামনে, পূর্ব মোজামপুর, কুষ্টিয়া, বাংলাদেশ।
mithu.usus@yahoo.com
01711901730
01716450620
01819053437
https://www.facebook.com/profile.php?id=100081977387563&ref

Logo- Main
Development Partner Since

Page Work-

Donate Now
Islamic Bank A/C Number: 29165
AC holder:  Udoi Biddha mayder punorbarson Kendro
55/1 N/S road Kushtia, Bangladesh.
bkash / Nagad/ Rocket (Personal) 01711901730